

7(D)

M.A/Part-I/Beng./P-III/DODL/21

২০২১

বাংলা

এম. এ. প্রথম বর্ষ (DODL)

তৃতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলি সমমূল্য।

বিভাগ-ক

(উনিশ শতকের বাংলা কাব্য কবিতা)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: $১৫ \times ৩ = ৪৫$

১। কবি মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্যে'র পঠিত পত্রগুলির বিচার করে নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'সোমের প্রতি তারা' পত্রিকার ভিত্তিতে তারা চরিত্রের মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় পর্যালোচনা করো। ১৫

২। 'সারদা মঙ্গল' কাব্যে দেবী সারদাকে অবলম্বন করে বিরহ-মিলনের যে লীলা বিভিন্ন সর্গে লক্ষ করা যায় তার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবি বিহারীলাল চক্রবর্তীর রোমান্টিক কবিমানসের বিশিষ্টতা নির্ণয় করো।

অথবা

বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যের স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১৫

[পরের পাতায়]

৩। 'হেমচন্দ্রের নিসর্গ কবিতা শেষ পর্যন্ত নীতি কবিতায় পর্যবসিত হয়েছে' — তোমার পঠিত কবিতা অবলম্বনে এই অভিমত পরীক্ষা করো।

অথবা

'লজ্জাবতী লতা' কবিতায় হেমচন্দ্রের রোমান্টিক কবিধর্মের পরিচয় কীভাবে প্রকাশিত হয়েছে তা নির্দেশ করো। ১৫

বিভাগ-খ

(রবীন্দ্র সাহিত্য)

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

৪। 'অন্তর্যামী' কবিতার কাব্যসৌন্দর্য বিশ্লেষণ প্রসঙ্গে স্রষ্টার কবিচেতনার স্বরূপ প্রকাশ করো।

অথবা

উর্বশীর চিরকালীন সৌন্দর্য প্রতিমার স্বরূপ ভাবনা ও কবির চেতনায় তাঁর চিরকালীন প্রতিষ্ঠা সম্পর্কে উর্বশী কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

৫। 'রক্তকরবী' নাটকটি কর্ণজীবী ও আকর্ষণজীবী সভ্যতার সংঘাতকে প্রকাশ করেছে - নাটকটি অবলম্বনে এই মন্তব্যটি বিশ্লেষণ করো।

অথবা

'রক্তকরবী' নাটকে বিশুপাগল চরিত্রের অবতারণার সার্থকতা নির্ণয় করো। ১৫

7(D)

[2]

- ৬। আনন্দময়ী চরিত্রটিই ‘গোরা’ উপন্যাসের কেন্দ্রীয় শক্তি— সমগ্র উপন্যাসের বিভিন্ন ঘাত প্রতিঘাতকে তিনিই যথার্থ পরিণতির পথে চালিত করেছেন — এই মন্তব্যটির গুরুত্ব বিচার করো।

অথবা

‘গোরা’ উপন্যাসে মূর্ত হয়ে উঠেছে সমকালীন সমগ্র — আলোচনা করো। ১৫

- ৭। ‘শাস্তি’ গল্পে প্রতিবাদী নারীর জীবনবোধ কিভাবে ‘মূর্ত হয়েছিল তা যথার্থভাবে পরিস্ফুট করো।

অথবা

‘পোস্টমাস্টার’ ছোটগল্পের উপসংহার ছোটগল্পের শিল্পরীতির পরিপন্থী কিনা আলোচনা করো। ১৫

- ৮। কালান্তর গ্রন্থের পঠিত প্রবন্ধের নানামুখী চিন্তা সম্পর্কে আলোচনা করো।

অথবা

‘ধনের ধর্মই অসাম্য’ — ‘লোকহিত’ প্রবন্ধে ব্যক্ত রবীন্দ্র অভিমতের সারবত্তা প্রমাণ করো। ১৫